মেহেরপুরে জমিজমা সংক্রান্ত বিরোধে আহত ৩, থানায় অভিযোগ

মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নের ঢুসারপাড়া গ্রামে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে মৃত আজাহার আলীর ছেলে মোঃ বানাত আলী (৬৫), তার ছেলে রফিকুল ইসলাম (৪৫) ও রফিকুল ইসলামের স্ত্রী মোছাঃ আলতাফন (৩৬) কে এলোপাতাড়ি মারধরের অভিযোগ উঠেছে।

আজ শনিবার সকাল সাড়ে ৯টার দিকে শ্যামপুর ইউনিয়নের ঢুসারপাড়া গ্রামের বর্গীপাড়া মাঠে এ ঘটনা ঘটে। আহত মোঃ বানাত আলী ও তার ছেলে রফিকুল ইসলামকে স্থানীয়রা উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেছে।

অভিযোগ সূত্রে জানা যায়, আজ শনিবার সকাল সাড়ে ৯টার দিকে মোঃ বানাত আলী ও তার ছেলে রফিকুল ইসলাম বর্গীপাড়া মাঠের পশ্চিম পাশে নিজেদের ধানক্ষেতের ধানের বিচালি বাঁধার কাজ করছিলেন। এ সময় একই এলাকার মৃত আবু তালেবের ছেলে মোঃ মজিবার আলী (৪৫), মোঃ আমির আলীর ছেলে মোঃ ইব্রাহিম (২২), মৃত আবুল কাসেমের ছেলে মোঃ আশিকুর রহমান, মোছাঃ চম্পা খাতুন (৩৫), মোঃ আইয়ুব আলীর ছেলে মোঃ ঝন্টু (২৮) সহ অজ্ঞাত একজন ব্যক্তি পূর্ব শত্রুতার জেরে বাঁশের লাঠি, লোহার রড, কাঠের বাটাম, জিআই পাইপ ও ধারালো হাসুয়া নিয়ে ধানক্ষেতের জমিতে অনধিকার প্রবেশ করে।

আসামিরা মোঃ রফিকুল ইসলামের মাথায় ধারালো হাসুয়া দিয়ে কোপ দেয় এবং বাম হাত দিয়ে প্রতিরোধ করার চেষ্টা করলে কোপ তার বাম হাতের কব্জিতে লেগে গুরুতর জখম করে। এরপর তিনি মাটিতে পড়লে আসামিরা আরও এলোপাতাড়ি মারধর করে।

রফিকুল ইসলামের স্ত্রী মোছাঃ আলতাফন খাতুন ঘটনাস্থলে গেলে, আসামিরা তার পথ অবরোধ করে, গালাগালি করে, চুল টেনে ধরে এবং শ্লীলতা হানি করে মারধর করে। পরে স্থানীয়রা তাকে ভ্যানযোগে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে এবং ভর্তি করে।
বর্তমানে মোঃ রফিকুল ইসলাম ও তার স্ত্রী মোছাঃ আলতাফন খাতুন মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছেন।

এ বিষয়ে অভিযুক্তদের কারো সাথে যোগাযোগ করা যায়নি।

এ বিষয়ে মেহেরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওচি) শেখ মেজবাহ উদ্দিন বলেন, এ বিষয়ে ভুক্তভোগী থানায় অভিযোগ করেছেন এবং খুব শীঘ্রই এ ব্যাপারে ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগরে জমিজমা সংক্রান্ত বিরোধ: বাড়িতে ঢুকে অতর্কিত হামলা আহত ২

মুজিবনগরে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে প্রতিপক্ষের অতর্কিত হামলায় স্বামী-স্ত্রী আহত হয়েছে। আজ শুক্রবার ভোর বেলায় উপজেলার ভবেরপাড়া গ্রামের ইনসান আলীর বাড়িতে এ হামলার ঘটনা ঘটে। এ সময় ঘুমিয়ে থাকা ইনাসান আলীর মেয়ে আসমা খাতুন (২৬) ও তার জামায় রাকিব হাসান (৩৫) মারাত্মক জখম হন। তাদের চিৎকারে স্থানীয়রা ছুটে আসলে হামলাকারীরা পালিয়ে যায়। পরে আহতদের উদ্ধার করে প্রথমে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে প্রাথমিক চিকিৎসা শেষে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়।

মেহেরপুর জেনারেল হাসপাতাল সুত্রে জানা গেছে, আহত রাকিব হাসানের মাথায় ১৬ টি সেলাই হয়েছে। রাকিব হাসানের স্ত্রী আসমা খাতুনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেয়া হয়েছে।

আহত আসমা খাতুন জানান, দির্ঘদিন ধরে আমাদের দুপক্ষের মধ্যে জমিজমা সংক্রান্ত বিরোধ চলছিল। পরে গত বৃহস্পতিবার গ্রাম্য সালিসে বিষয়টি মিমাংসা হয় এবং আমাদের জমি পাওনা হয়। কিন্তু আজ শুক্রবার ভোর বেলায় ভবেরপাড়া গ্রামের মল্লিকের ছেলে মোতালেব,হেলাল নাতী মিনারুল, মোতালেব এর স্ত্রী শাহানারা মোতালেবের খালাতো বোন মিনুয়ারা ইনসান আলীর বাড়ির পকেট গেট ভেঙ্গে আচমকা বাড়িতে প্রবেশ করে আমাদের উপর দেশিয় অস্ত্র দিয়ে অতর্কিত হামলা চালায়। এ সময় বাড়িতে বেড়াতে আসা ইনসান আলীর জামায় রকিব হাসান এর মাথায় আঘাত করে আহত করে স্বর্নের চেইন,ঘরে থাকা আড়াই লাখ টাকা তারা নিয়ে যায়। আমাদের চিৎকারে আশে পাশের লোকজন এগিয়ে আসলে তারা পালিয়ে যায়। তানিয়ারা উদ্ধার করে আমাদের

হাসপাতালে নিয়ে আসে।

এ বিষয়ে তারা মামলা করবেন বলে প্রতিবেদককে জানান, স্থানীয় কয়েকজন জানান, সালিসে মিমাংসা হওয়ার পরও মারামারির ঘটনা ঘটে। আমরা তাদের উদ্ধার করে হাসপাতালে পাঠাই।

এ ঘটনায় অভিযুক্ত মোতালেব জানান, আমরা তাদের কোন মারধর করিনি। কিভাবে মাথা ফাটলো আমি জানিনা। টাকাপয়সা কোন কিছুই নিইনি। সব অভিযোগ মিথ্যা। আমাদেরকে হেনেস্তা করার জন্য তারা এই মিথ্যার আশ্রয় নিচ্ছে।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ সাইফুল আলম জানান, ঘটনাটি আমি শুনেছি এখনো কোনো অভিযোগ পাইনি। অভিযোগ পেলে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে।